**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 16.06.2024 Time: 7.35 A.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) ভোট পরবর্তী হিংসা পরিস্থিতি খতিয়ে দেখতে আজ সন্ধ্যায় রাজ্যে আসছে বিজেপির কেন্দ্রীয় দল।

আক্রান্তদের নিয়ে আজ রাজভবনে রাজ্যপালের সঙ্গে দেখা করতে যাবেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

২) কেন্দ্রীয় সরকার কলকাতায় ভারতীয় ন্যায় সংহিতা, নাগরিক সুরক্ষা সংহিতা ও সাক্ষ্য অধিনিয়মের সচেতনতা বৃদ্ধিতে আজ একটি সম্মেলনের আয়োজন করেছে।

৩) সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার জন্য আজ অতিরিক্ত ট্রেন ও মেট্রো চলছে।

৪) লাগাতার বৃষ্টির জেরে উত্তরবঙ্গের বন্যা পরিস্থিতি উদ্বেগজনক। সিকিমে আটকে পড়া পর্যটকদের উদ্ধারকাজ শুরু হচ্ছে আজ।

৫) উত্তর ২৪ পরগণার কামারহাটিতে ব্যবসায়ীর ওপর দুষ্কৃতী হামলার ঘটনায় চাঞ্চল্য।

---

রাজ্যে ভোট পরবর্তী হিংসা পরিস্থিতি খতিয়ে দেখতে বিজেপির কেন্দ্রীয় প্রতিনিধি দল আজ রাতেই কলকাতায় আসছে। গতরাতে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সম্পাদক অগ্নিমিত্রা পাল জানিয়েছেন, কেন্দ্রীয় প্রতিনিধি দল সন্ধ্যায় বিমানবন্দরে

এসে পৌঁছাবেন। এরপর তারা সেন্ট্রাল অ্যাভিনিউতে মহেশ্বরী ভবনে আক্রান্তদের সঙ্গে দেখা করবেন। আগামীকাল তাদের জয়নগর, ডায়মন্ডহারবার ও সন্দেশখালি এবং মঙ্গলবার কোচবিহারে যাওয়ার কর্মসূচি রয়েছে।

অন্যদিকে, গতকাল দলের কোর কমিটির বৈঠকে রাজ্যে চারটি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন নিয়ে আলোচনা হয়েছে বলে জানান অগ্নিমিত্রা পাল। তিনি বলেন, প্রাথমিকভাবে প্রতিটি আসনে তিনটি করে নাম অর্থাৎ চারটি আসনের জন্য ১২জনের নামের প্রার্থী তালিকা তৈরি করা হয়েছে। এই তালিকা কেন্দ্রীয় নেতৃত্বের কাছে পাঠানো হবে। কেন্দ্রীয় নেতৃত্ব এর মধ্যে থেকে চূড়ান্ত প্রার্থী তালিকা নির্বাচন করবেন।

-------------------------

ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে আজ রাজ্যপাল সি ভি আনন্দ বোসের সঙ্গে দেখা করতে ফের রাজভবনে যাবেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। গত শুক্রবার কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিংহ এক নির্দেশে জানিয়েছিলেন, নতুনভাবে সাক্ষাত্-এর আবেদন করে বিরোধী দলনেতা রাজভবনে যেতে পারেন। রাজভবন থেকে শুভেন্দুবাবুকে সাক্ষাত্-এর জন্য আজ সন্ধ্যা ৬ টায় যেতে বলা হয়েছে। তিনি বলেন,

বাইট

উল্লেখ্য গত বৃহস্পতিবার ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে তিনি রাজভবনে রাজ্যপালের সঙ্গে দেখা করতে যান। কিন্তু পুলিশ তাদের ঢুকতে দেয়নি। আক্রান্তরা উত্তর কলকাতায় মাহেশ্বরী ভবনে রাত কাটান। শুক্রবার রাজ্যপাল সেখানে গিয়ে তাদের সঙ্গে দেখা করেন। তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেন, বিজেপির কেউ আক্রান্ত হননি। গোটাটাই সাজানো।

বাইট

এদিকে, আক্রান্তদের নিয়ে রাজভবনের সামনে ৫ দিন ধর্ণায় বসার কর্মসূচী ঘোষণা করেছেন বিরোধী দলনেতা। এবিষয়ে অনুমতির জন্য ইতোমধ্যেই তিনি কলকাতা পুলিশ কমিশনারের কাছে চিঠি দিয়েছেন। তবে গতকাল পর্যন্ত অনুমোদন পাওয়া যায়নি। শুভেন্দু বাবু বলেন, তৃণমূল কংগ্রেসকে এর আগে পুলিশ রাজভবনের সামনে ধর্ণায় বসার অনুমতি দিয়েছিল। তাহলে বিজেপিকে বসতে দেওয়া হবে না কেন সেই প্রশ্ন তোলেন তিনি।

---------------------------

কেন্দ্রীয় সরকার আজ কলকাতায় 'ইন্ডিয়াজ প্রোগ্রেসিভ পাথ ইন দ্য অ্যাডমিনিস্ট্রেশন অব ক্রিমিনাল জাস্টিস সিস্টেম' শীর্ষক একটি সম্মেলনের আয়োজন করছে। আইন ও বিচার মন্ত্রক জানিয়েছে, এর লক্ষ্য প্রশ্নোত্তর এবং আলোচনার মাধ্যমে ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এই তিনটি নতুন ফৌজদারি আইনের মূল বৈশিষ্ট্যগুলি তুলে ধরা।
গত বছরের ডিসেম্বরে রাষ্ট্রপতি এই তিনটি আইনে অনুমোদন দেন। পয়লা জুলাই থেকে কার্যকরী হবে নতুন ফৌজদারি আইন। নতুন এই আইনগুলি সম্পর্কে সচেতনতা তৈরিতে গত দু'মাস ধরে নতুন দিল্লি ও গুয়াহাটিতে দুটি বড় সম্মেলনের আয়োজন করা হয়েছে বলে মন্ত্রক জানিয়েছে।

--------------------------

সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার্থীদের সুবিধার্থে পূর্ব রেল আজ অতিরিক্ত ট্রেন চালাচ্ছে।

মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন, হাওড়া ডিভিশনে এই অতিরিক্ত ট্রেন পরিষেবা সকাল সাতটা থেকে শুরু হয়েছে। চলবে সন্ধ্যে ৬'টা পর্যন্ত ।

আজ মেট্রো রেল কর্তৃপক্ষ ব্লু লাইনে অতিরিক্ত রেক চালাবে। মেট্রো রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র একথা জানিয়ে বলেন, আজ অন্যান্য রবিবার এর মত মোট ১৩০ টি র পরিবর্তে আপ ও ডাউন মিলিয়ে মোট ১৩৮ টি রেক চালানো হচ্ছে। যাত্রী পরিষেবা সকাল সোয়া ৭ টা থেকে শুরু হয়েছে।

-----------------------

সিকিম ও পাহাড়ের বিভিন্ন অংশে লাগাতার বৃষ্টির জেরে উত্তরবঙ্গে বন্যা পরিস্থিতি উদ্বেগজনক। বিপদসীমার কাছাকাছি বইছে তিস্তা। কালিম্পং-এর তিস্তা বাজার সহ নদীর নিম্ন অববাহিকা থেকে স্থানীয়দের সুরক্ষিত স্থানে নিয়ে যাওয়া হয়েছে। গজলডোবার তিস্তা ব্যারেজ থেকে গতকাল ছাড়া হয় প্রায় ১১০০ কিউসেক জল। ব্যারেজে ৬ টি লকগেট খোলা রয়েছে বলে প্রশাসনিক সূত্রে খবর।

--------------------------

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কিছু অংশ এবং হিমালয় সন্নিহিত এ রাজ্যের বাকি অংশে আগামী চার-পাঁচ দিনের মধ্যে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু আরো অগ্রসর হওয়ার অনুকূল পরিস্থিতি তৈরি হয়েছে।

উত্তর-পশ্চিম বিহার থেকে পূর্ব আসাম পর্যন্ত হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গ ও সিকিমের উপর বিস্তৃত অক্ষরেখার প্রভাবে বাংলাদেশের উত্তরাংশ এবং সংলগ্ন অঞ্চলের ওপর একটি ঘূর্ণাবর্ত সৃষ্টি হয়েছে।

অপর একটি অক্ষরেখা রায়লসীমা থেকে মধ্য বঙ্গোপসাগর পর্যন্ত পশ্চিম মধ্য বঙ্গোপসাগরের ওপর বিস্তৃত রয়েছে। পূর্ব বিহার এবং হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গ ও সিকিমের উপর সৃষ্ট গতকালের ঘুনাবর্ত দুর্বল হয়ে পড়েছে।

এর ফলে, বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প বাতাসে মেশায় উত্তরবঙ্গের জেলাগুলির কয়েকটি স্থানে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা। আলিপুরদুয়ার, কোচবিহার এবং জলপাইগুড়ি জেলায় আগামী বুধবার পর্যন্ত অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি করা হয়েছে। দার্জিলিং এবং কালিম্পং জেলার দু একটি জায়গায় আগামীকাল পর্যন্ত রয়েছে ভারী বৃষ্টির কমলা সর্তকতা।

এদিকে দক্ষিণবঙ্গের পশ্চিমের জেলাগুলিতে তাপপ্রবাহ অব্যাহত থাকবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। দক্ষিণবঙ্গের জেলাগুলিতে দুই এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৯ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে ২ দশমিক ৩ ডিগ্রি বেশি। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের প্রায় ৩ ডিগ্রি বেশি, ৩৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

---------------------------

সিকিমে আটকে থাকা পর্যটকদের উদ্ধারের কাজ আজ শুরু করতে চলেছে সিকিম সরকার। শুক্রবার থেকেই সে রাজ্যের প্রশাসনিক আধিকারিকরা ভারতীয় বায়ুসেনার সঙ্গে দফায় দফায় বৈঠক করেন। খারাপ আবহাওয়ার কারণে গত দুদিন আকাশপথে পর্যটকদের উদ্ধার করা সম্ভব হয়নি। তবে আজ থেকে আকাশপথের পাশাপাশি সড়কপথেও পর্যটকদের নামিয়ে আনার কাজ শুরু হবে।

আগেই জানানো হয়েছে, উত্তর সিকিমের লাচুং-এ ১২০০ পর্যটক আটকে রয়েছে। তাদের মধ্যে ৭০০ জনই এরাজ্যের বলে জানা গেছে। লাচুং এবং মঙ্গোনের মাঝে সাঙ্কালান সেতু ভেঙে পড়ায় পরিস্থিতি আরও জটিল হয়েছে। গোটা উদ্ধার প্রক্রিয়া তদরকি করবেন সিকিমের পর্যটন মন্ত্রী শেরিং থেন্ডুপ ভুটিয়া।

সিকিম সরকার জানিয়েছে, প্রাকৃতিক বিপর্যয়ে মৃতদের পরিবারকে এককালীন চার লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে।

----------------------

পুরুলিয়ায় বজ্রপাতের জেরে গতকাল দুই তরুণের মৃত্যু হয়েছে।

বড়াবাজার থানা বানজোড়া অঞ্চলে বান্দোয়ান গ্রামে একটি তেঁতুল গাছের নীচে দীপক রাজোয়াড় ও ঘাসিরাম কর্মকার বসেছিলেন। আচমকাই বাজ পড়লে তারা জখম হন। স্থানীয়রা তাদের পুরুলিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিতসকরা মৃত ঘোষণা করেন।

এদিকে, জেলার পুঞ্চা থানার বাগদা এলাকায় আচমকা বাজ পড়ে প্রিয়া সিং সর্দার নামে এক মহিলা আহত হন। বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কেলজ হাসাপতালে তাঁর চিকিৎসা চলছে।

----------------------

উত্তর ২৪ পরগনার বেলঘরিয়া থানার কামারহাটি রথতলা মোড়ে গতকাল দুপুরে ব্যবসায়ী অজয় মন্ডলের ওপর দুই দুষ্কৃতী চালায়। প্রোমোটিং সহ বিভিন্ন ব্যবসা রয়েছে অজয়বাবুর। একটি ভলভো গাড়িতে কলকাতার দিকে আসার সময় বিটি রোডের ওপর তাঁর গাড়িটি আটকে দুই বাইক আরোহী পিস্তল থেকে পরপর পাঁচ রাউন্ড গুলি চালায়।

অজয়বাবু প্রাণে বেঁচে গেলেও গাড়িটি ক্ষতিগ্রস্ত হয়েছে। তাঁর অভিযোগ, টিটাগড়ের মণীশ শুক্লা খুনে অভিযুক্ত জেলবন্দী শাহজাহান ও বাপি এই শুট আউটের চক্রান্ত করেছে। তাদের লোকজন প্রায়শই ফোন করে দশ লক্ষ টাকা চাইত। যদিও দুষ্কৃতীরা হেলমেট পড়ে থাকায় তাদের চেনা যায়নি। ঘটনাস্থলে তদন্তে যান ব্যারাকপুরের পুলিশ কমিশনার অলোক রাজোরিয়া।

-----------------------

ভয়াবহ অগ্নিকাণ্ডের জেরে অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেওয়া হয়েছে দক্ষিণ কলকাতার কসবা এলাকার এক্রোপলিশ মল। এই অগ্নিকাণ্ডের পূর্ণাঙ্গ তদন্ত করা হবে বলে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন। গতকাল তিনি বলেন , ওই মলের অগ্নিনির্বাপন ব্যবস্থা যথাযথ ছিল কিনা তাও খতিয়ে দেখা হবে। নিরাপত্তার স্বার্থে বহুতলের সিঁড়ি ও ছাদ খোলা রাখতে হবে। তা কোনোভাবেই আটকে রেখে অন্য কোনো কাজে ব্যবহার করা যাবে না বলে মেয়র স্পষ্ট ভাষায় জানিয়ে দেন।

-----------------------

কয়েক কোটি টাকার মোবাইল লুঠের পাণ্ডাকে সিআইডি রাজস্থানের আলোয়ার থেকে গ্রেপ্তার করেছে। গতবছর ১০ই অক্টোবর পশ্চিম মেদিনীপুরের ডেবরায় একটি ট্রাক থেকে কয়েক কোটি টাকার মোবাইল ফোন লুঠ হয়। সিআইডি এই মামলার তদন্তে নেমে পরিবহন সংস্থার প্রতিনিধি সঞ্জীব কুমারকে জেরা করে অভিযুক্ত আসলামকে রাজস্থানের আলোয়ার থেকে গ্রেপ্তার করতে সক্ষম হয়েছে।

-------------------------

কসবায় গত নয়ই জুন রাতে তৃনমূল কংগ্রেসের গোষ্ঠীদ্বন্দ্বের জেরে বোমাবাজি ও গুলি চালানোর ঘটনায় পুলিশ মূল অভিযুক্ত দীনু যাদবকে গতকাল চারুমার্কেট থানা এলাকা থেকে গ্রেপ্তার করেছে। এর আগে এই ঘটনায় সাতজনকে গ্রেপ্তার করা হয়েছিলো। আজ দীনু যাদবকে আলিপুর আদালতে তোলা হবে।

উল্লেখ্য, গত ৯ই জুন রাতে কসবার ইন্দুপার্কে শাসকদলের মধ্যে গোষ্ঠীদ্বন্দ্বের জেরে ভাঙ্গচুর, গুলি ও বোমাবাজি হয়, সেই সঙ্গে কিছু বাইক ভাঙ্গচুর করা হয়।

-------------------------

আজ গঙ্গা পুজো। দশহরার পুণ্য তিথিতে সকাল থেকেই বহু পুণ্যার্থী বিভিন্ন ঘাটে গঙ্গাস্নান করছেন। পুণ্যস্নানের পর অনেকেই সূর্যদেব, শিব ও পার্বতীর পুজো করে থাকেন। আজ পয়লা আষাঢ়। এই দিন অনেক বাঙালি গৃহস্থের বাড়িতে প্রথানুযায়ী মা মনসা নাগ পঞ্চমীর পুজোর আয়োজন করা হয়েছে।

-------------------------- --------------------------